Southern
Housing
Group

সাউদার্ণ হাউজিং গ্রুপের একজন বাসিন্দা হিসাবে আপনার আধিকার এবং দায়িত্ব

- IJkjJr ßajqJK¿ IJkjJPT ßp KjrJk€J ßlJ
- IJkjJr hJK~fô
- ßajqJP r jJo kKrmft
- IJoJPhr KjrPkã mqmyJPrr kKuKx
- IJkjJr IKiTJr
- jfáj mJxVOy kJS~Jr CkJ~

আপনি ও আপনার পরিবার

পৃ3 **আপনার অধিকার**

আপনার যে সকল নিরাপত্তা আছে	3
আপনার পরিবারের যে সকল নিরাপত্তা আছে	6
আপনার বাসগৃহ অন্য কাউকে দেওয়া	6
একজন ভাড়াটে সঙ্গে নেয়া	8
আপনার অন্যান্য অধিকার	9

পৃ11 **আপনার দায়িত্ব**

পৃ13 **আপনি কিভাবে স্থানান্তর হতে পারেন**

কিভাবে স্থানান্তর হবেন	13
আপনি আর কিভাবে স্থানান্তর হতে পারেন	15
আপনার বাসগৃহ বিনিময় করা	15
অন্য ল্যান্ডলর্ডের কাছে স্থানান্তর হওয়া	16
বৃদ্ধ বাসিন্দাদের জন্য সুযোগ	17
কোন বাসগৃহ ক্রয় করা	17
আপনি যে বাসগৃহে থাকেন তা ক্রয় করা	17
শেয়ারের মাধ্যমে মালিকানা	17
হোমবাই	18
বাড়ি পরিত্যাগ করার সময় যা মনে রাখবেন	19

পৃ21 **সবার জন্য সমান ব্যবহার**

আপনি যদি কৃষ্ণাঙ্গ অথবা সংখ্যালঘু হন	21
আপনি যদি অক্ষম ও আহত হন	22
বাড়তি যে সহযোগিতা আমরা দিতে পারি	23

এগুলিও রেসিডেন্টস্ হ্যান্ডবুকের অংশ:

- আপনি এবং আপনার ঘর
- আপনি এবং সাউদার্ণ হাউজিং গ্রুপ
- আপনি ও আপনার পাড়া বা নেইবারহুড
- আপনি এবং আপনার ভাড়া

এই সেকশানে যা আছে:

- যতদিন পর্যন্ত আপনার টেন্যান্সির মেয়াদ থাকবে ততদিন আপনার বাসগৃহে আপনার থাকার অধিকার আছে (কিন্তু আপনি যদি আপনার টেন্যান্সির শর্ত ভঙ্গ করেন তাহলে মেয়াদ শেষ হয়ে যাবে)।
- আপনার বাসগৃহে অতিরিক্ত লোক না থাকলে আপনার পরিবারের অন্যান্য সদস্যরা আপনার সাথে অতিথি হিসাবে থাকতে পারবে – কে থাকবে বা চলে যাবে তা আপনার উপর নির্ভর করে।
- আপনি যদি একজন সিকিউর টেন্যান্ট হন তাহলে আপনি একজন ভাড়াটে নিতে পারেন।
- আপনি যদি সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে আপনি আপনার টেন্যান্সি অন্য কাউকে দিতে পারেন।

একজন টেন্যান্ট হিসাবে আমার কি কি নিরাপত্তা আছে?

আপনি যখন আপনার বাসগৃহে ওঠেন তখন একটি টেন্যান্সি চুক্তি সই করেছিলেন। আপনার টেন্যান্সির ধরন জানার জন্য চুক্তিটি একবার পড়ুন কেননা এটা আপনার বাসগৃহে থাকার অধিকারকে প্রভাবিত করে।

টেন্যান্সির ধরন

আপনি যদি একজন **সিকিউর টেন্যান্ট** হন তাহলে আপনার টেন্যান্সি 15 জানুয়ারী 1989 -এর আগে শুরু হয়েছে। এটা একটি সাপ্তাহিক টেন্যান্সি কিন্তু এটা অনির্দিষ্ট সময় পর্যন্ত চলতে পারে।

আপনি যদি একজন **অ্যাসিউরড টেন্যান্ট** হন তাহলে আপনার টেন্যান্সি 15 জানুয়ারী 1989 থেকে বা তার পর থেকে শুরু হয়েছে। এটা একটি সাপ্তাহিক টেন্যান্সি কিন্তু এটা অনির্দিষ্ট সময় পর্যন্ত চলতে পারে।

আপনার অধিকার

আপনি যদি একজন **সংরক্ষিত অধিকারের অ্যাসিউরড টেন্যান্ট** হন তাহলে আপনার বাসগৃহ অন্য ল্যান্ডলর্ড থেকে আমাদের কাছে হস্তান্তরিত হয়েছিল। এটা একটি সাপ্তাহিক টেন্যান্সি কিন্তু এটা অনির্দিষ্ট সময় পর্যন্ত চলতে পারে। আপনার অ্যাসিউরড টেন্যান্সি চুক্তিতে অতিরিক্ত মূল অধিকারগুলো অন্তর্ভূক্ত আছে – যার কিছু অধিকার আগের ল্যান্ডলর্ডের সিকিউর টেন্যান্ট হিসাবে আপনার ছিল এবং অন্যান্যগুলি আপনার প্রকল্প আমাদের কাছে হস্তান্তরিত হওয়ার সময় চুক্তি করা হয়েছিল।

আপনার যদি **ডিমোটেড টেন্যান্সি** থাকে তাহলে বুঝতে হবে অতীতে আপনি আপনার সিকিউর অথবা অ্যাসিউরড টেন্যান্সি চুক্তি ভঙ্গ করেছেন। আপনার টেন্যান্সি এখন একটি সাপ্তাহিক টেন্যান্সি যা 12 মাস ধরে চলবে। আপনি যদি ভাড়া পরিশোধ করেন এবং চুক্তির অন্য কোন শর্ত ভঙ্গ না করেন তাহলে এক বছর পর আপনার টেন্যান্সি একটি অ্যাসিউরড টেন্যান্সিতে পরিনত হবে যা অনির্দিষ্ট সময় ধরে চলবে। কিন্তু আপনি যদি সিকিউর টেন্যান্ট হতে চান তাহলে প্রকৃতপক্ষে আপনার যে অধিকারগুলি ছিল এখন তার চেয়ে কম পাবেন।

আপনার যদি **স্টার্টার টেন্যান্সি** থাকে তাহলে বুঝবেন আপনি একজন নতুন বাসিন্দা। আপনার একটি সাপ্তাহিক টেন্যান্সি আছে যা শুরু থেকে 12 মাস ধরে চলবে, কিন্তু আপনি যদি ভাড়া পরিশোধ করেন এবং চুক্তির অন্য কোন শর্ত ভঙ্গ না করেন তাহলে এক বছর পর আপনার টেন্যান্সি একটি অ্যাসিউরড টেন্যান্সিতে পরিনত হবে যা অনির্দিষ্ট সময় ধরে চলবে।

আপনি যদি একজন **অ্যাসিউরড শর্টহোল্ড টেন্যান্ট** হন তাহলে আমরা আপনার জন্য অস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করব। আপনার জন্য একটি সাপ্তাহিক টেন্যান্সি থাকবে যার মেয়াদ অন্তত 6 মাস স্থায়ী হবে – সঠিক মেয়াদ কত তা আপনার চুক্তিতে বর্ণনা করা আছে। আমরা চাইলে ঐ সময়ের শেষে আপনার টেন্যান্সি সমাপ্ত করতে পারি অথবা এটাকে আমরা দীর্ঘসময় ধরে চালাতে পারি।

আপনার যদি একটি **গ্যারেজ বা শেডের লাইসেন্স** থাকে তাহলে বুঝতে হবে আপনি আমাদের থেকে একটি আলাদা গ্যারেজ বা শেড ভাড়া নিচ্ছেন। লাইসেন্স এক সপ্তাহ থেকে আর এক সপ্তাহ পর্যন্ত চলে।

আপনার বাড়ীতে বাস করা

স্বাভাবিক অবস্থায় আপনার টেন্যান্সির মেয়াদ যতদিন থাকবে ততদিন আপনার বাসগৃহে আপনার থাকার অধিকার আছে।

জয়েন্ট টেন্যান্টস্

আপনার টেন্যান্সি চুক্তিতে টেন্যান্ট হিসাবে আপনি ছাড়া যদি আরো একজনের নাম লেখা থাকে তাহলে আপনাদের প্রত্যেকেই সমান অধিকার পাবেন এবং আপনারা প্রত্যেকেই পৃথক পৃথকভাবে আপনাদের টেন্যান্সির জন্য দায়ী থাকবেন।

আপনি যদি একজন **সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট** হন তাহলে কোর্টের অনুমতি নিয়েই শুধুমাত্র আমরা আপনার টেন্যান্সি সমাপ্ত করতে পারব। এজন্য আমাদের উপযুক্ত কারণ থাকতে হবে, উদাহরণস্বরূপ, ভাড়া বাকি থাকলে বা আপনার টেন্যান্সির অন্য কোন শর্ত ভঙ্গ করলে। আপনি যদি একজন অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলেও আমরা আপনাকে অন্য কোন বাসগৃহে চলে যেতে বলতে পারি। অথবা আমরা সিকিউর টেন্যান্টদের চলে যেতে বলতে পারি যদি তারা এমন কোন বিশেষ স্থানে বাস করে যা তাদের পরিবারের কোন সদস্যের এখন আর প্রয়োজন নাই (উদাহরণস্বরূপ, অক্ষমদের জন্য কোন বাসগৃহ বাস উপযোগী করা)। এই কারণগুলি সম্পূর্ণরূপে আপনার টেন্যান্সি চুক্তিতে বর্ণনা করা আছে।

আপনি যদি একজন **অ্যাসিউরড শর্টহোল্ড টেন্যান্ট** হন তাহলে আপনার টেন্যান্সি একটি নির্ধারিত সময়ের পর সমাপ্ত হবে। এটা কখন সমাপ্ত হবে তা জানিয়ে আমরা আপনাকে লিখিত নোটিশ পাঠাবো।

আপনি যদি একজন **স্টার্টার টেন্যান্ট** অথবা একজন **ডিমোটেড টেন্যান্ট** হন তাহলে প্রথম বছরেই আপনার টেন্যান্সি শেষ হবে যদি আপনার ভাড়া পরিশোধ না করেন বা আপনার চুক্তি রক্ষা না করেন। কিন্তু আপনি যদি আপনার চুক্তি মেনে চলেন তাহলে বছর শেষে একজন অ্যাসিউরড টেন্যান্টের অধিকার পাবেন।

আপনার টেন্যান্সির ধরন যাইহোক না কেন আপনি যদি দীর্ঘ সময়ের জন্য আপনার বাসগৃহ খালি রেখে চলে যান তাহলে আমরা এটাকে পরিত্যাক্ত হিসাবে বিবেচনা করব। অর্থাৎ টেন্যান্সি চুক্তি অনুসারে আপনি আপনার বিশেষ অধিকার হারাবেন এবং আপনার টেন্যান্সি বাতিল করার জন্য আমরা কোর্টে যাব।

আপনি যদি একজন **গ্যারেজ** বা **শেড লাইসেন্সধারী** হন তাহলে আমরা কিভাবে নোটিশ প্রদান করে অবিলম্বে চুক্তি বাতিল করতে পারব তা আপনার লাইসেন্সে বর্ণনা করা আছে।

আমার পরিবারের অন্যান্যদের কি কি নিরাপত্তা আছে?

আপনার সাথে আপনার পোষা প্রাণীসহ আর কে কে থাকবে আপনি বাসায় উঠার আগে আমরা তা চুক্তি করেছিলাম। আমাদের রেকর্ডে এটাকে আপনার পরিবার হিসাবে দেখানো হবে যদিনা আপনি যে কোন পরিবর্তন সম্পর্কে আমাদেরকে জানান।

আপনার পরিবারের সদস্যরা আপনার সাথে অতিথি হিসাবে বাস করে। আপনি সিদ্ধান্ত নেবেন তারা থাকবে না চলে যাবে। যাইহোক কেউ যদি কোন টেন্যান্টকে বিয়ে করে তাহলেও তার থাকার আইনগত অধিকার আছে এমনকি যদি তারা টেন্যান্ট না হয় তবুও। আপনার যদি এই অধিকারগুলি সম্বন্ধে আরো তথ্যের প্রয়োজন হয় তাহলে আপনার স্বাধীন আইনগত পরামর্শের প্রয়োজন হবে অথবা সিটিজেনস এ্যাডভাইস ব্যুরো বা অন্য কোন লোকাল হাউজিং এ্যাডভাইস সার্ভিসের সাথে আলোচনা করুন।

আপনার সাথে লোক বাস করার বা থাকতে অনুমতি দেওয়ার অর্থ হল আপনার বাসগৃহের ভিতরে এবং বাইরে তাদের আচরনের জন্য আপনাকে দায়িত্ব নিতে হবে। যদি তারা আপনার চুক্তির শর্ত ভঙ্গ করে তাহলে আমরা আপনাকে পদক্ষেপ নিতে উৎসাহিত করব।

আমি কি আমার টেন্যান্সি অন্য কাউকে দিতে পারি?

আপনি জীবিত থাকা অবস্থায়

আপনি আপনার টেন্যান্সি অন্য কাউকে দিতে পারবেন না যদি না আপনি একজন অ্যাসিউরড বা সিকিউর টেন্যান্ট হন।

একজন নতুন টেন্যান্টকে আপনার টেন্যান্সি প্রদান করা। আপনি যদি একজন অ্যাসিউরড বা সিকিউর টেন্যান্ট হন তাহলে আপনার পরিবারের কোন সদস্যকে আপনার টেন্যান্সি প্রদান করতে আমরা অনুমোদন দিব। আবেদনপত্রের জন্য সার্ভিস সেন্টারে ফোন করুন। যে ব্যক্তি নতুন টেন্যান্ট হতে চায় তাকেও আমরা একটি আবেদনপত্র পূরণ করতে বলব। আমরা তখন বাসগৃহটি উপযুক্ত কিনা এবং আপনি কখনও আপনার টেন্যান্সির শর্ত ভঙ্গ করেছেন কিনা তা বিবেচনা করব।

আপনার অধিকার

টেন্যান্সিতে অন্য কাউকে অন্তর্ভুক্ত করা। আপনি যদি আপনার বর্তমান টেন্যান্সিতে কাউকে অন্তর্ভূক্ত করতে চান তাহলে আমরা তা বিবেচনা করব। আবেদনপত্রের জন্য সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। যে ব্যক্তি আপনার জয়েন্ট টেন্যান্ট হতে চায় তাকেও আমরা একটি আবেদনপত্র পূরণ করতে বলব। আমরা যদি মনে করি এতে আমাদের বিশেষ সুবিধা হবে না তাহলে আমরা অনুমতি নাও দিতে পারি।

টেন্যান্সি থেকে কাউকে বাদ দেয়া। আপনারা যদি জয়েন্ট টেন্যান্ট হন এবং আপনাদের কেউ একজন যদি বাসগৃহ ছেড়ে দিতে চান তাহলে আপনি টেন্যান্সিতে অন্য টেন্যান্টের নাম রাখার জন্য বলতে পারেন। সকল টেন্যান্টকে এর সাথে একমত হতে হবে এবং আমাদের সমস্ত পেপার ওয়ার্ক সম্পন্ন করতে হবে। কিন্তু এই আবেদনপত্র অনুমোদন না করার জন্য আমাদের কাছে উপযুক্ত কারণ থাকতে হবে এবং আপনার টেন্যান্সিতে কোন সমস্যা থাকলে আমরা তা বাতিল করব। যদি আমরা সমর্থন দিই তাহলে এই পরিবর্তনের অর্থ হবে বাসগৃহ ভবিষ্যতে অন্য কারো কাছে হস্তান্তর করা যাবে না এমনকি টেন্যান্ট মারা গেলেও না। আপনার জয়েন্ট টেন্যান্ট ছিল এমন কেউ যদি ইতোমধ্যে বাসগৃহ ত্যাগ করে থাকে এবং আপনি যদি তাদের সাথে যোগাযোগ করতে না পারেন, তাহলে আপনার ইচ্ছা কি তা নিয়ে আলোচনা করতে আমাদেরকে ফোন করুন।

কোর্টের আদেশের মাধ্যমে। আপনার যদি ডিভোর্স হয়ে যায় তাহলে আপনার টেন্যান্সি আপনার স্বামী বা স্ত্রীকে হস্তান্তর করার জন্য কোর্ট আদেশ দিতে পারে।

বাড়ী বিনিময়ের মাধ্যমে। আপনি যদি একজন অ্যাসিউরড বা সিকিউর টেন্যান্ট হন তাহলে আপনি অন্য টেন্যান্টের সাথে আপনার বাসগৃহ বিনিময় (বদল) করতেও পারেন। বিস্তারিত তথ্যের জন্য 14 নং পৃষ্ঠা দেখুন।

যখন কোন টেন্যান্ট মারা যায়

আপনি যদি একজন সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে আপনি মারা গেলে আপনার পরিবারের অন্য কোন সদস্যকে আপনার টেন্যান্সি হস্তান্তর করা যাবে। এই প্রক্রিয়াকে **উত্তরাধিকার আইন (সাকসেশান)** বলা হয়। এইভাবে কোন টেন্যান্সি শুধুমাত্র একবারই হস্তান্তর করা হবে।

আপনার অধিকার

উত্তরাধিকারের আইন নিঃসন্দেহে জটিল, অতএব এখানে আমাদের দেয়া সহজ ব্যাখ্যার উপর নির্ভর করার চেয়ে দ্রুত আপনাকে আপনার টেন্যান্সি চুক্তি পাঠিয়ে দিতে হবে।

যাইহোক, মূল কথা হল আপনার টেন্যান্সি প্রথমে একজন জয়েন্ট টেন্যান্টকে হস্তান্তর করা হবে। যদি কেউ না থাকে তাহলে আপনার স্বামী, স্ত্রী অথবা আপনার সাথে স্বামী বা স্ত্রী হিসাবে বাস করছে এমন কাউকে দেয়া হবে।

অন্যথায়, তারা আপনার সাথে এক বছরের বেশী সময় ধরে বাস করে থাকলে আপনার পরিবারের কোন সদস্যকে, আপনার সমলিঙ্গের পার্টনারকে, আপনার বিনামূল্যের কেয়ারার ছিল এমন কাউকে অথবা যিনি আপনার ডিপেনডেন্টদের দায়িত্ব নিয়েছে এমন কাউকে এটা হস্তান্তরিত করা হবে। কেউ আপনার ভাড়াটে হিসাবে থাকলে অথবা আপনি ঐ বাসগৃহের কোন অংশ সাব-লেট দিলে তা এই নিয়মের অন্তর্ভুক্ত হবে না।

সকল ক্ষেত্রে উত্তরাধিকারী অবশ্যই টেন্যান্টের মৃত্যুর তিন মাসের মধ্যে তাদের দাবীর কথা জানিয়ে আমাদেরকে লিখবেন। এই পরিস্থিতিতে আপনি যদি কোন টেন্যান্সি নিয়ে থাকেন তাহলে টেন্যান্সি ঠিক রাখার জন্য প্রয়োজনীয় যে কোন বকেয়া অথবা টেন্যান্সির অন্যান্য শর্ত ভঙ্গের দায়িত্বও গ্রহণ করার জন্য আমরা আপনাকে অনুরোধ করব।

আমি কি একজন ভাড়াটে নিতে পারি?

আপনি যদি একজন সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে একজন ভাড়াটে নেয়ার অথবা আপনার বাসার কিছু অংশ সাব-লেট দেওয়ার অধিকার আপনার আছে। কেন্তু কোন কোন সময় তার পূর্বে আপনাকে আমাদের লিখিত অনুমতি নিতে হবে। পরিবারের যে সকল সদস্যকে আপনি আপনার সাথে থাকতে দেন তারা অতিথি, সুতরাং তাদেরকে ভাড়াটে হিসাবে গন্য হবে না অথবা সাব-লেটিং হিসাবে বিবেচিত হবে না।

আপনি থাকতে বললেই শুধুমাত্র একজন ভাড়াটে আপনার বাসায় থাকতে পারে – এটা একটি অনানুষ্ঠানিক ব্যবস্থা। তাদের রুম থেকে আপনাকে বের করে দেওয়ার অধিকার তাদের নাই। আপনার সাথে তাদের কোন আইনগত চুক্তি নাই বা কোন রেন্ট বুক নাই। আপনি যদি তাদেরকে চলে যেতে বলেন তাহলে তাদেরকে চলে যেতে হবে। এটা সম্পূর্ণ আপনার উপর নির্ভর করে।

আপনি আপনার বাসগৃহে অতিরিক্ত লোক রাখবেন না তা প্রথমেই যাচাই করে নেওয়া ভাল। যে লোক আপনার বাসায় উঠছে তার বিস্তারিত তথ্যও আমাদেরকে দিতে হবে।

আপনি যদি একটি টেন্যান্সি চুক্তিসহ আনুষ্ঠানিকভাবে কাউকে বাসগৃহে ঢুকাতে চান তাহলে এটাকে বলা হবে সাব-লেটিং। এটা কাউকে নির্দিষ্ট রুম ব্যবহারের একক অধিকার দান করে এবং আপনার সম্মতিক্রমে অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করতে পারে। তাদেরকে বাসা ছাড়তে বলার নির্দিষ্ট কয়েক সপ্তাহ পূর্বে আপনি তাদেরকে নোটিশ দিবেন। সম্পূর্ন বাসা সাবলেট দেওয়ার অধিকার আপনার নাই। আপনি যদি বাসগৃহের কিছু অংশ সাব-লেট দিতে চান তাহলে আপনাকে আমাদের থেকে লিখিত অনুমতি নিতে হবে, কিন্তু আমাদের যদি উপযুক্ত কোন কারণ থাকে তাহলেই শুধুমাত্র আমরা না বলব।

অন্যান্য আর কি কি অধিকার আমার আছে?

আপনার টেন্যান্সি চুক্তিতে আপনার অন্যান্য অধিকার এবং দায়িত্ব সম্বন্ধে বর্ণনা করা আছে। আপনার টেন্যান্সির ধরনের উপর ভিত্তি করে এগুলি আলাদা হতে পারে।

এই হ্যান্ডবুকে আমরা কিছু মূল অধিকারকে অন্তর্ভূক্ত করেছি কিন্তু আপনার টেন্যান্সি চুক্তি এবং **দ্যা রেসিডেন্টস্ চার্টারে** আরো তথ্য আছে।

আপনি এবং আপনার বাসগৃহ বুকলেটে যেসব বিষয় সম্বন্ধে আরো বিস্তারিত দেখতে পাবেন:

- যে সকল মেরামত কাজ করা আপনার দায়িত্ব
- আপনি যদি সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে আপনার বাসগৃহের নির্দিষ্ট কিছু উন্নতি করার অধিকার।

দ্যা রেসিডেন্টস্ চার্টার

দ্যা রেসিডেন্টস চার্টার হল হাউজিং কর্পোরেশান কর্তৃক প্রকাশিত যেখানে আপনার ল্যান্ডলর্ড হিসাবে আমাদের কাছে আপনি কি চাইতে পারেন তার বর্ণনা করা আছে। আমরা এটা সকল টেন্যান্টের কাছে পাঠিয়ে থাকি কিন্তু আপনার যদি কোন নতুন কপির প্রয়োজন হয় তাহলে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

আপনার অধিকার

আপনি এবং সাউদার্ণ হাউজিং গ্রুপ বুকলেটে যেসব বিষয়ে আপনি আরো তথ্য পাবেন:

- আপনার বাসগৃহ এবং টেন্যান্সি সম্পর্কে আপনার তথ্য জানার অধিকার
- আমরা যদি আপনার বাসগৃহ পরিচালনা বা রক্ষণাবেক্ষণ করতে বড়ধরনের পরিবর্তন করার পরিকল্পনা করি তাহলে আপনার সে বিষয়ে আলোচনা করার অধিকার
- আমাদের দায়িত্ব হল আপনার বিস্তারিত গোপন তথ্য সংরক্ষণ করা এবং আপনি চাইলে আপনাকে ফাইল দেখতে দেওয়া

আপনার যে সকল অধিকার সমান এবং নিরপেক্ষভাবে পালন করা হবে সে সম্পর্কে আরো জানতে 21 পৃষ্ঠা দেখুন।

আমাদের সার্ভিসের প্রতিশ্রুতি

আমরা প্রতিশ্রুতি দিচ্ছি যে আমরা যদি আপনার টেন্যান্সি চুক্তি পরিবর্তন করতে চাই (আপনার টেন্যান্সির নিয়মাবলী), তাহলে আমরা যা করব:

- পরিবর্তন সম্পর্কে আপনাকে লিখে জানাব এবং আপনার অভিমত সম্পর্কে আপনার সাথে আলোচনা করব, এবং
- পরিবর্তনগুলি কার্যকরী হওয়ার আগে আপনাকে লিখিত নোটিশ পাঠাব।

আপনার দায়িত্ব

এই সেকশানে যা আছে:

আপনার প্রধান দায়িত্বগুলি হল:

- সময়মত আপনার ভাড়া পরিশোধ করা
- বাসগৃহ দেখাশুনা করা
- একজন ভাল প্রতিবেশী হওয়া
- আপনার বাসগৃহে অতিরিক্ত লোক থাকতে দিবেন না নিশ্চিত করা
- আপনার পরিবার এবং ভিজিটরদের দায়িত্ব নেয়া।

আমাদের টেন্যান্ট হিসাবে আপনার যে সমস্ত দায়িত্ব রয়েছে তা আপনার টেন্যান্সি চুক্তিতে লেখা আছে। আমরা এই বুকলেটে শুধু অতি গুরুত্বপূর্ণ দায়িত্বগুলিই অন্তর্ভূক্ত করেছি। আপনি যদি এই দায়িত্বগুলি পালন না করেন তাহলে আপনি আপনার বাসগৃহ হারাবেন। মনে রাখবেন এই নিয়ম আপনার পরিবারের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য।

আপনার ভাড়া প্রদান। আমাদের বাসিন্দা হিসাবে আপনার প্রধান দায়িত্ব হল সম্পূর্ণ ভাড়া সময়মত পরিশোধ করা।

আপনি কিভাবে আপনার বাসগৃহ ব্যবহার করবেন। আপনি আপনার পরিবারকে নিয়ে বাস করার জন্য বাসগৃহ ভাড়া নিচ্ছেন। আমাদের অনুমতি নেওয়ার আগে আপনি এখানে কোন ব্যবসা করতে পারবেন না। আপনি আপনার বাসগৃহ কোন অবৈধ বা অনৈতিক কাজে ব্যবহার করতে পারবেন না অথবা আপনার বাসগৃহে কোন প্রকার ড্রাগ আনতে পারবেন না।

আপনার বাসগৃহ দেখাশুনা করা। আপনার বাসগৃহ সুন্দরভাবে রাখা আপনার দায়িত্ব।

পোষা প্রাণী। আমাদের লিখিত অনুমতি নেওয়ার পূর্বে আপনি কোন প্রাণী পুষতে পারবেন না। আরো বিস্তারিত তথ্যের জন্য **আপনি এবং আপনার প্রতিবেশী** বুকলেটটি পড়ুন।

আপনার অধিকার

ভাল প্রতিবেশী হওয়া। আমাদের বাসিন্দা হিসাবে একজন ভাল প্রতিবেশী হওয়ার জন্য আপনার অনেক দায়িত্ব রয়েছে। আপনার পরিবারের সদস্যদের এবং আপনার ভিজিটরদের আচরনের জন্যও আপনি দায়ী। কোন বাসিন্দা অন্য কোন বাসিন্দার সাথে কোন রকম হয়রানি, আক্রমণ বা দূর্ব্যবহার করলে আমরা সেই বাসিন্দাকে রাখব না।

আপনার বাসগৃহে অতিরিক্ত লোক থাকতে দেয়া। আপনি অবশ্যই আপনার বাসগৃহে অতিরিক্ত লোক থাকতে দিবেন না। আপনার বাসগৃহে সর্বোচ্চ কতজন বাসিন্দা থাকতে পারবে তা আপনার টেন্যান্সি চুক্তিতে লেখা আছে। আপনার যদি এ ব্যাপারে কোন সন্দেহ থাকে তাহলে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

আপনি যদি আপনার সাথে লোকদের থাকতে দেন অর্থাৎ আইন অনুসারে আপনি যদি অতিরিক্ত লোক রাখেন তাহলে আমাদেরকে পদক্ষেপ নিতে হবে অথবা আমরাও আইন ভঙ্গকারী বলে গন্য হব। আমরা আপনার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নিতে শক্তি প্রয়োগ করব এবং অতিরিক্ত লোকেরা যদি বাসা ছেড়ে না যায় তাহলে আপনি আপনার বাসগৃহ হারাবেন।

আপনার আরো বাচ্চা হলে বা বাচ্চারা বড় হওয়ার ফলে যদি আপনার বাসগৃহ জনাকির্ণ হয়ে পড়ে তাহলে আপনি অবশ্যই তা জানাবেন। আমরা আপনাকে সুবিধাজনক কোথাও যাওয়ার ব্যাপারে সাহায্য করব।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

এই সেকশানে যা আছে:

আপনি স্থানান্তর হতে পারেন:

- আপনি যদি একজন সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে আমাদের অন্য কোন বাসগৃহে স্থানান্তরের মাধ্যমে (আপনি যদি ছোট কোন বাসায় যান তাহলে আমরা আপনাকে টাকা দেব)
- 55 জনের বেশী লোকের জন্য নির্মিত আমাদের কোন হাউজিং প্রকল্পে যাওয়ার মাধ্যমে
- আপনি যদি সিকিউর বা অ্যাসিউর টেন্যান্ট হন তাহলে অন্য কোন হাউজিং অ্যাসোসিয়েশান বা কাউন্সিলের টেন্যান্টের সাথে আপনার বাসগৃহ বিনিময়ের মাধ্যমে
- কাউন্সিলের কর্তৃক স্থাপিত আপনার লোকাল হাউজিং লিস্টে নাম লেখানোর মাধ্যমে।
- হ্রাসকৃত মূল্যে কোন বাসগৃহ কিনে বা কোন অর্থ সহযোগিতা নিয়ে।

আমি কিভাবে স্থানান্তর হতে পারব?

আপনি যদি সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে সাউদার্ণ হাউজিং গ্রুপের অন্য কোন সুবিধাজনক বাসগৃহ পেতে আমরা আপনাকে সাহায্য করতে পারব। সার্ভিস সেন্টারে টেন্যান্সি টিমকে আবেদন পত্রের জন্য ফোন করুন।

যদি আপনার ভাড়া বকেয়া থাকে অথবা অন্য কোন ভাবে আপনি যদি আপনার টেন্যান্সি চুক্তি ভঙ্গ করেন তাহলে আমরা আপনাকে স্থানান্তরের সুযোগ দিব না।

আপনাকে আপনার বাসগৃহ পরিবর্তনের কারণ সম্বন্ধে যত বেশী সম্ভব তথ্য আমাদেরকে জানাতে হবে। আপনার কারণের স্বপক্ষে আমরা আরো প্রমাণাদি চাইতে পারি। আমাদের রেকর্ড অনুযায়ী আমরা বিশেষ প্রয়োজনীয় পরিবারকে স্থানান্তরের জন্য সুযোগ দিয়ে থাকি।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

বাস্তবে, যে সকল বাসিন্দার স্থানান্তর হওয়া প্রয়োজন তাদেরকে আমরা অগ্রাধিকার দিব কারণ:

- আমরা তাদের বাসগৃহ ভাঙ্গতে বা বড় ধরনের মেরামত কাজ করতে যাচ্ছি (আমরা একে 'ডিকেন্ট' বলি)
- তারা হয়রানি বা আভ্যন্তরিণ গোন্ডগোলের ফলে ক্ষতিগ্রস্থ
- তাদের জনসংখ্যা অতিরিক্ত হলে বা তাদের ছোট বাসস্থানের প্রয়োজন হলে
- তাদের পরিবারের কারও মেডিকেলের প্রয়োজনে স্থানান্তর হলে
- তাদের কোন চাকরির জন্য স্থানান্তর দরকার হলে।

বাসগৃহ স্থানান্তর সম্বন্ধে আরো বিস্তারিত জানার জন্য অন লাইনে **www.shgroup.org.uk** ওয়েবসাইট দেখুন অথবা সার্ভিস সেন্টারে ফোন করে আমাদের 'গেটিং এ মুভ' প্যাক চান।

ছোট কোন বাসগৃহে স্থানান্তর

ফ্যামিলি সাইজের (দুই বা তার বেশী বেডরুমের বাসা) বাসায় বাস করা কেউ যদি ছোট আকারের বাসগৃহে যেতে চায় তাহলে আমরা তাদেরকে অগ্রাধিকার দিয়ে থাকি, কেননা অনেক ফ্যমিলি বড় বাসার জন্য অপেক্ষায় আছে যারা এটা ব্যবহার করতে পারে। কিন্তু আন্ডার-অক্যুপায়াররা তাদের সুবিধাজনক একটি নতুন বাসগৃহ পাবে তা দেখার জন্য আমরাও অধীর আগ্রহে অপেক্ষায় আছি।

আপনি যদি আমাদের ছোট বাসার কোন একটিতে স্থানান্তরিত হন তাহলে আমরা আপনাকে একটি বেডরুম ছাড়ার জন্য £500 পাউন্ড এবং দুইটি বেডরুম বা তার বেশী হলে £1,000 পাউন্ড প্রদান করব। আমরা আপনার স্থানান্তর এবং অন্যান্য খরচও প্রদান করব।

আপনি কতদিন অপেক্ষা করবেন

আমাদের অধিকাংশ খালি বাসগৃহ লোকাল অথরিটির মাধ্যমে লোকদেরকে দেওয়া হবে। অল্প কিছু খালি বাসগৃহ শুধুমাত্র আমাদের স্থানান্তরের অপেক্ষমান তালিকার বাসিন্দাদেরকে দেওয়া হবে।

আপনার যদি খুব জরুরী স্থানান্তরের প্রয়োজন হয় তাহলে আপনার লোকাল অথরিটির দায়িত্ব আপনাকে সহযোগিতা করা। আপনার অবস্থা বলার জন্য সরাসরি আপনি তাদের সাথে যোগাযোগ করবেন।

আপনাকে কতদিন অপেক্ষা করতে হবে তা নির্ভর করবে কি ধরনের বাসা আপনার প্রয়োজন এবং কোন এলাকায় আপনি যেতে চান তার উপর। আমরা নিয়মিতভাবে বাসা ভাড়া সংক্রান্ত নতুন নতুন তথ্য *ওপেন ডোর* রেসিডেন্টস্ নিউজলেটারে সরবরাহ করি। আপনার স্থানান্তরের সুযোগ বৃদ্ধির জন্য কম চাহিদা সম্পন্ন এলাকার কথা বলুন। এই সেকশানের অন্যান্য বিস্তারিত সুবিধা বিবেচনা করার জন্যও আমরা পরামর্শ দিয়ে থাকি।

আমি আর কিভাবে স্থানান্তরিত হতে পারি?

আপনার বাসগৃহ বিনিময় করা

আপনি যদি একজন সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্ট হন তাহলে অন্য কোন পাবলিক ল্যান্ডলর্ডের সিকিউর বা অ্যাসিউরড টেন্যান্টের সাথে আপনি আপনার বাসগৃহ বিনিময় করতে পারেন (‘একটি **মিউচ্যুয়াল এক্সচেঞ্জ** করা’)।

আপনি স্থানান্তরের পূর্বে আপনাকে অবশ্যই উভয় ল্যান্ডলর্ডের লিখিত অনুমতি নিতে হবে কিন্তু উপযুক্ত কারণ না থাকলে আমরা অনুমতি দিতে আপত্তি করব না। আপনার ভাড়া যদি বকেয়া থাকে তাহলে আমরা স্থানান্তরের অনুমতি দিব না। প্ল্যানিং- এর শর্ত সম্বলিত নতুন তৈরী কিছু প্রকল্প (উদাহরণস্বরূপ, সেই বাসিন্দার লোকাল কানেকশান থাকতে হবে বা মূল কর্মী হতে হবে) বাসগৃহ বিনিময় করাকে অনুমোদন দেয় না।

> আপনি যখন মিউচ্যুয়াল এক্সচেঞ্জ করেন তখন আমরা তা মেরামত বা ডেকোরেশান করি না, আমরা আমাদের খালি বাসগৃহ পুনরায় ভাড়া দেওয়ার সময় এগুলি করে থাকি। মূল টেন্যান্টের কারণে কোন ক্ষতি, অবহেলা বা কিছু পরিবর্তন করা হলে আপনি তার জন্য দায়ী হবেন।

সাধারণত বিনিময়ের অর্থ বাসগৃহের মত টেন্যান্সি চুক্তি বিনিময় করা। আপনি বিনিময় করতে সম্মতি হওয়ার পূর্বে আপনার পরিবর্তন করা পার্টনারের চুক্তিপত্রের শর্তাবলী সবসময় পরীক্ষা করে দেখবেন।

বিভিন্ন পদ্ধতিতে আপনি আপনার বাসগৃহ সম্বন্ধে প্রচার করতে পারেন এবং অন্যান্য টেন্যান্টরা বিনিময় করতে চাইলে তা খুঁজে দেখতে পারেন।

- বাসিন্দাদের **ওপেন ডোর** নিউজলেটারে বিজ্ঞাপন দিয়ে।

  পরবর্তী সংখ্যার ফরম পূরণ করুন এবং সার্ভিস সেন্টারে ফোন করে আপনার বিস্তারিত দিতে বলুন।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

- আপনার লোকাল অথরিটি মিউচ্যুয়াল এক্সচেঞ্জ রেজিস্টারে আপনার বিস্তারিত তথ্য দিয়ে। এব্যাপারে আপনার লোকাল কাউন্সিল অফিসে যোগাযোগ করুন।

- **হোমসোয়াপ**-এ নাম লেখান, ন্যাশনাল এক্সচেঞ্জ স্কীম **হোমস্** কর্তৃক পরিচালিত হয়। অনলাইনে **www.homes.org.uk**, ওয়েবসাইটে নাম লেখান অথবা ফরমের জন্য সার্ভিস সেন্টারে ফোন করুন।

- স্থানীয়ভাবে প্রচার করুন, উদাহরণস্বরূপ, কোন দোকানের জানালা।

- আপনার বাসগৃহ যদি অক্ষমতার ফলে বাস উপযোগী করা হয়ে থাকে তাহলে আপনি **http://web.ukonline.co.uk/ddlg.uk/index.htm** এ ডিজঅ্যাবলড্ ডাটা লিঙ্কে নাম লেখাতে পারেন।

মুভইউকে একটি গর্ভাণমেন্ট পরিচালিত প্রকল্প যা ইউকে জুড়ে বাসগৃহ এবং চাকরির জন্য বিজ্ঞাপন প্রচার করবে। এটা ঘটনাবহুলভাবে সকল হোম প্রকল্পগুলিকে প্রতিস্থাপন করবে তেমনিভাবে যেভাবে এই স্পেশাল এলএডাব্লিউএন (LAWN) প্রকল্প পাঠানো হয়েছে।

অন্য কোন ল্যান্ডলর্ডের কাছে স্থানান্তর হওয়া

এখানে কিছু সুযোগ আছে যা আপনি বিবেচনা করতে পারেন।

- যে এলাকায় আপনি স্থানান্তরিত হতে চান সেই এলাকায় **লোকাল অথরিটির ওয়েটিং লিস্টে** নাম লেখানো (পৃ 14 দেখুন)।

- পর্যাপ্ত বাসগৃহসহ লোকাল অথরিটির **হোমস ওয়েবসাইট** www.homes.org.uk চেক করুন (এগুলি দেশের অন্য অংশে একই হবে)।

- একটি **হোমস মোবাইলিটি** লিফলেটের জন্য সার্ভিস সেন্টারে ফোন করুন। এই প্রকল্পের অধীনে সমগ্র দেশ জুড়ে ল্যান্ডলর্ডরা যাদের অন্যান্য এলাকায় স্থানান্তর প্রয়োজন এমন অল্পসংখ্যক লোককে প্রতি বছর নতুন বাসগৃহের ব্যবস্থা করে। এই স্কীমের আওতায় আপনি যেভাবে স্থানান্তর হবেন, এটা আপনার ক্ষেত্রে একই কিনা সার্ভিস সেন্টারে জিজ্ঞাসা করুন ।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

- **এলএএডব্লিউএন** স্কীম (লন্ডন অ্যালায়েন্স ওয়েস্ট এ্যান্ড ইস্ট) অনলাইনে www.lawnmoves.org.uk/tenants এ বা **020 7963 0211** নম্বরে ফোন করে নাম লেখান। সমগ্র দেশ জুড়ে এই স্কীম বাসগৃহের ঘাটতি থাকা এলাকা থেকে অনেক বাসগৃহের সুযোগ থাকা এলাকায় লোকদের স্থানান্তর হতে সহায়তা করে।

বৃদ্ধ লোকদের জন্য সুযোগ

আমাদের বৃদ্ধ বাসিন্দাদের জন্য কিছু বাড়তি সুবিধা আছে।

- **শেল্টারড অ্যাকোমোডেশান**। বৃদ্ধ বাসিন্দাদের জন্য আমাদের সংরক্ষিত হাউজিং প্রকল্প আছে। আমরা বাসিন্দাদেরকে যতটা সম্ভব স্বাধীনভাবে বাস করার জন্য উৎসাহিত করি কিন্তু তাদের পৃথক মনেকরার প্রয়োজন নাই এবং জরুরী অবস্থায় কোন সহযোগিতার হাত সব সময়ই তাদের জন্য প্রস্তুত থাকে। বিস্তারিত তথ্যের জন্য সার্ভিসসেন্টারে ফোন করুন।

- **সী সাইড এ্যান্ড কান্ট্রি হোমস**। আপনার বয়স যদি 60 বছরের বেশীহয় এবং লন্ডনে ফ্যামিলি সাইজ বাসগৃহে বসবাস করেন তাহলে এই স্কীম আপনাকে দেশের ভিতরে বা সমুদ্রের ধারে কোন বাসগৃহের জন্য আবেদন করার সুযোগ দেবে। সী সাইড কান্ট্রি হোমস' এ **020 7963 0200** নম্বরে ফোন করুন।

আপনি কি আমাকে বাসগৃহ কিনতে সহযোগিতা করবেন?

বাড়ি ক্রয়কে আরো সহজ করার জন্য কিছু প্রকল্প প্রণয়ন করা হয়েছে।

আপনি যে বাসগৃহে আছেন তা ক্রয় করা

আমরা যদি অন্য কোন ল্যান্ডলর্ড থেকে আপনার বাসগৃহ নিয়ে থাকি তাহলে আপনার 'সংরক্ষিত অধিকারের' একটি হবে **রাইট টু বাই-** এর অধীনে কম মূল্যে আমাদের থেকে তা ক্রয় করা। আপনার বাসগৃহ যদি স্যোশাল হাউজিং অনুদান দিয়ে এপ্রিল 1997 এর পরে তৈরী হয়ে থাকে তাহরেও আপনি একই অধিকার পাবেন, **রাইট টু অ্যাকুয়ার** -এ ফোন করুন। আরো তথ্য জানতে হলে আমাদের হোম ওনারশীপ টিমকে **08456 120 061** নম্বরে ফোন করুন।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

শেয়ারড ওনারশীপ

শেয়ারড ওনারশীপের অধীনে আপনি ধাপে ধাপে একটি বাড়ি কিনতে পারেন। আপনি সাধারণত প্রচলিত মর্টগেজের নিয়মে আপনার বাসগৃহের সম্পূর্ণ মূল্যের 25% থেকে 50% প্রাথমিক শেয়ার প্রথমে কিনতে পারেন। স্কীম পরিচালনাকারী হাউজিং অ্যাসোসিয়েশানের নির্ধারিত অতিরিক্ত ভাড়া আপনি প্রদান করবেন।

এক বছর পরে বাসগৃহের সম্পূর্ণ মালিকানা না পাওয়া পর্যন্ত আরো শেয়ার আপনি কিনতে পারেন।

হোমবাই (বাড়িক্রয়)

যদি সাধারন মর্টগেজের মাধ্যমে আপনি ঐ বাড়ির সম্পূর্ণ মূল্যের 75% সংগ্রহ করতে পারেন। বাকি 25% এর জন্য হাউজিং অ্যাসোসিয়েশান আপনাকে ইক্যুইটি লোন প্রদান করবে যেটা আপনি যখন আপনার বাড়ি বিক্রয় করবেন তার মূল্যের 25% অবশ্যই ফেরৎ দেবেন।

শেয়ারড ওনারশীপ এবং হোমবাই এর জন্য আবেদন

বিস্তারিত দেখার জন্য এবং লন্ডনের নর্থ-ইস্ট এবং সাউথ-ইস্ট বারার প্রস্তাবিত সকল শেয়ারড ওনারশীপ বাসগৃহ এবং হোমবাই স্কীমে নাম লেখাতে আপনি **www.housingoptions.co.uk** ওয়েবসাইটে লগ অন করবেন। আমাদের নিজস্ব সাউদার্ণ হাউজিং হোম ওনারশীপ কর্তৃক উন্নত করা এই এলাকার বাসগৃহগুলি এই সাইটে অন্তর্ভূক্ত আছে।

অন্য সব এলাকার পরামর্শের জন্য আমাদের সেলস্ এবং মার্কেটিং টিমকে **020 7553 6420** নম্বরে ফোন করুন অথবা **www.shho.org.uk** ভিজিট করুন।

হোমবাই স্কীম বিভিন্ন এলাকায় বিভিন্ন হাউজিং অ্যাসোসিয়েশান দ্বারা পরিচালিত হয়। তারা সাধারণত তাদের স্কীমে খোলা বাজারে বাসগৃহ ক্রয়কে অন্তর্ভূক্ত করে। কিন্তু সাউদার্ণ হাউজিং হোম ওনারশীপও বিশেষভাবে হোমবাই-এর জন্য বাসগৃহ তৈরী করেছে।

আপনার এলাকার স্কীমগুলি সম্বন্ধে আরো জানার জন্য আমাদের সেলস্ এবং মাকেটিং টিমকে **020 7553 6420** নম্বরে ফোন করুন।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

স্থানান্তরিত হওয়ার সময় আমাকে কি করতে হবে?

আপনি আমাদের অন্য কোন বাসগৃহে বা অন্য কোথাও স্থানান্তরিত হওয়ার সময় নিম্নের বিষয়গুলি ভুলবেন না।

আপনি যদি টাকা বকেয়া রেখে যান তাহলে আমরা এটা পরিশোধ করার জন্য বলব। আমরা আপনার নাম কোন ঋণ কালেকশান এজেন্সীকেও দিতে পারি তেমনিভাবে কোন ক্রেডিট রেফারেন্স এজেন্সীকেও আপনার ঋণের কথা বলতে পারি – যা ভবিষ্যতে আপনার ক্রেডিট পাওয়াকে বন্ধ করবে।

যেভাবে আমরা আপনাকে টেন্যান্সি বাতিল করতে বলে থাকি

- আমাদেরকে চার সপ্তাহের নোটিশ দেবেন।
- আপনার বাসগৃহ ত্যাগ করার দিন পর্যন্ত সমস্ত ভাড়া পরিশোধ করবেন এবং চাবি ফেরৎ দিবেন।
- আপনি বাসা ছেড়ে যাওয়ার পূর্বে আমরা আপনার বাসগৃহ পরীক্ষা করব এবং কোন মেরামত করা আপনার দায়িত্ব হলে সে সম্পর্কে বলব। আপনি যদি তা মেরামত না করেন তাহলে এই কাজের জন্য আপনাকে জরিমানা করা হবে।
- আপনার বাসগৃহ ভাল অবস্থায় আছে তা নিশ্চিত করুন। যদি তা না থাকে তাহলে আমরা আপনাকে পুনরায় ডেকোরেশান করতে বলব।
- আপনাকে আমরা অন্যান্য লোকদের বাসা দেখানোর জন্য বলব যাতে আমরা এটা আবার তাড়াতাড়ি ভাড়া দিতে পারি।
- পরিষ্কার ও ছিমছাম এবং আবর্জনা মুক্ত রেখে আপনার বাসগৃহ ত্যাগ করুন। আবর্জনা ফেলে বাসা ত্যাগ করলে আপনাকে জরিমানা করা হবে।

আপনার মিটারের রিডিং নেয়া

- আপনি বাসগৃহ ছেড়ে যাওয়ার দিন গ্যাস, ইলেকট্রিসিটি বা পানির মিটারের রিডিং আপনার পুরাতন ঠিকানায় পাবেন। আপনি চলে যাচ্ছেন এই সংবাদ সব মিটার কোম্পানীকে তা জানান।
- আপনার পুরাতন ঠিকানার ফোনের সংযোগ বিচ্ছিন্ন করুন এবং নতুন ঠিকানায় সংযোগের ব্যবস্থা করুন (যদি আপনি দূরে না যান তাহলেফোন নম্বর ঠিক রাখতে পারবেন)।

আপনি কিভাবে স্থানান্তরিত হতে পারেন

- বাসগৃহ ত্যাগ করার পূর্বে পানির স্টপকক এবং গ্যাসের মিটার বন্ধ করবেন। ফিউজবক্সে আপনার বিদ্যুতের সুইচ বন্ধ করবেন। কিন্তু এই সার্ভিসগুলি বিচ্ছিন্ন করতে বলবেন না।

আপনি চলে যাচ্ছেন তা সবাইকে বলুন

যাদেরকে বলতে ভুলবেন না:

- বন্ধু বান্ধব এবং পরিবার
- আপনার কনটেন্টস্ বীমাকারীকে (আমাদের স্কীম সম্বন্ধে আরো বিস্তারিত জানার জন্য **আপনি এবং আপনার বাসগৃহ** বুকলেট দেখুন)
- যদি আপনি অর্থ দাবী করেন তাহলে আপনার হাউজিং বেনিফিট ডিপার্টমেন্টকে জানান
- আপনি যদি বেনিফিট পেয়ে থাকেন তাহলে দ্যা ডিপার্টমেন্ট অব ওয়ার্ক এ্যান্ড পেনশানকে
- আপনার কাউন্সিল ট্যাক্স অফিসকে

আপনার নতুন বাসগৃহ পাবার জন্য তৈরী হন

- আপনার প্রয়োজনে যত দ্রুত সম্ভব পাওয়ার জন্য আপনি নতুন বাসগৃহে ওঠার আগে গ্যাস, পানি, এবং বিদ্যুৎ সাপ্লাই দেয়া কোম্পানীর সাথে যোগাযোগ করুন।
- ফোনের সংযোগ দেয়া হয়েছে তা নিশ্চিত করুন
- আপনার নতুন হাউজিং বেনিফিট দাবীর আবেদনপত্র তৈরী করুন.
- আপনার মেইল পাঠানোর জন্য পোস্ট অফিস খোঁজ করুন

আপনার নতুন এলাকা সম্বন্ধে জানুন

- আপনি যদি আমাদের অন্য কোন বাসগৃহে স্থানান্তর হন তাহলে লোকাল শপ এবং গ্যারেজের পেপয়েন্ট বা পেজোন ব্যবহার করে কোথায় আপনার ভাড়া প্রদান করতে পারবেন তা খুঁজে বের করুন।
- নতুন ডাক্তার এবং ডেন্টিস্ট খোঁজ করুন।
- কোথাও যাওয়ার জন্য পাবলিক যানবাহনের রুট খোঁজ করুন।

সবার সাথে সমান ব্যবহার

এই সেকশানে যা আছে:

- কারও সাথে আমরা বৈষম্যমূলক আচরন করি না।
- প্রত্যেকেই আমাদের সার্ভিস পেতে পারে।
- আপনার সমস্যা হলে আমরা বাড়তি সহযোগিতা করে থাকি।

আমাদের লোকাল কমিউনিটি যারা গঠন করেছে সেইসব লোকদেরকে আমরা মূল্যায়ন করে থাকি।

সেক্সের কারণে, বিবাহিত হলে, সম্প্রদায়, বর্ণ, জাতিগত স্বত্তা, ধর্ম, বয়স অথবা অক্ষম, সমকামী বা লেসবিয়ান হওয়ার কারণে কেউ বৈষম্যমূলক আচরনের শিকার হলে আমরা তা সক্রিয়ভাবে প্রতিহত করার চেষ্টা করি।

বিভিন্ন গ্রুপের লোকদের সমস্যা মোকাবেলা করতে আমরা আমাদের স্টাফদেরকে সংবেদনশীল হতে প্রশিক্ষণ দিয়ে থাকি।

আমি যদি কৃষ্ণাঙ্গ বা সংখ্যালঘু হই তাহলে কি আশা করতে পারি?

এক্ষেত্রে আমরা যা করব:

- বাসিন্দাদের সাথে আলোচনা করার সময় আপনার কমিউনিটির মতামত আমরা পেয়েছি তা নিশ্চিত করব
- আপনার প্রয়োজন মেটাতে আপনাকে সার্ভিস প্রদান করব
- প্রয়োজনীয় ক্ষেত্রে আপনাকে অনুবাদ এবং দোভাষীর জন্য ব্যবস্থা করব
- বিভিন্ন ভাষায় মূল তথ্য সরবরাহ করব
- আপনি যদি সাম্প্রদায়িক হয়রানির শিকার হন তাহলে পদক্ষেপ নেব।

সবার সাথে সমান ব্যবহার

আমাদের সার্ভিসের প্রতিশ্রুতিসমূহ

আমরা প্রতিশ্রুতিবদ্ধ:

- সেইসব স্টাফদের নিয়োগ দিতে যারা কমিউনিটিতে আমাদের সাথে কাজ করেছে
- আমাদের কনট্রাক্টর এবং কনসালটেন্টরা সকল লোকদের সাথে সমানভাবে আচরন করে তা নিশ্চিত করতে।

আমি যদি অক্ষম বা আহত হই তাহলে কি আশা করতে পারি?

আমরা যা করব:

- আপনি সহজে আমাদের সার্ভিস পাবেন এবং আমাদের অফিসে আসতে পারবেন তা নিশ্চিত করব
- অক্ষম লোকদের প্রয়োজন মেটাতে পারে এমন বাসগৃহ এবং পাবলিক এলাকা নির্মাণের পরিকল্পনা করব
- আপনার যে ধরনের প্রয়োজন সেভাবে তথ্য সরবরাহ করব, উদাহরণস্বরূপ, ব্রেইলী অথবা সিডি বা অডিও টেপের মাধ্যমে সরবরাহ করব
- আপনার মতামত জানতে সার্ভে করব
- আপনি হয়রানি বা দূর্ব্যবহারের শিকার হলে পদক্ষেপ গ্রহণ করব।



কি কি অতিরিক্ত সহযোগিতা আপনি আমাকে দিতে পারেন?

আপনার বাসগৃহে থাকার জন্য আপনার যদি অল্প কিছু বাড়তি সহযোগিতার প্রয়োজন হয় তাহলে আমরা সহযোগিতা করতে পারব।

- আপনি যদি শেল্টারড স্কীমে বাস করে থাকেন তাহলে আপনার ম্যানেজার আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা পাচ্ছেন তা নিশ্চিত করতে আপনার কাছেই আছে।
- আপনি যদি আমাদের মানসম্পন্ন ভাড়া বাসায় থাকেন তাহলে আমরা বিশেষ প্রতিষ্ঠান থেকে বাড়তি সহযোগিতা পেতে আপনাকে সাহায্য করব।
- আপনি যদি অক্ষম হন তাহলে আপনার জীবন যাপনকে সহজ করার জন্য আমরা আপনার বাসগৃহের জিনিসপত্র পরিবর্তন করব। এই সম্বন্ধে বিস্তারিত **আপনি এবং আপনার বাসগৃহ** বুকলেটে আছে।
- আপনি যদি অক্ষম বা আহত হন তাহলে উভয় অবস্থাকে প্রাধান্য দিয়ে আপনার মেরামত কাজ এবং অন্যান্য অনুরোধে সাড়া দিয়ে দ্রুততার সাথে তা সম্পাদন করতে চেষ্টা করব।

এসকল অতিরিক্ত সহযোগিতা সার্ভিস সম্পর্কে আরো জানতে সার্ভিস সেন্টারে ফোন করুন এবং কি বিষয়ে আপনি জানতে চান তা বলুন।